**2 SEM FYUGP BNL C 2**

**2026**

( May/June )

BENGALI

( Core )

Paper : BNLC–2

( আধুনিক বাংলা কাব্য সাহিত্য )

*Full Marks* : 60 (80 for 2023 Batch)

*Time* : 2½ hours (3 hours for 2023 Batch)

*The figures in the margin indicate full marks for the questions.*

**প্রথম একক**

( কাব্য-সাহিত্যের ধারা )

১। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=২

(ক) অনঙ্গমোহিনী দেবীর একটি কাব্যগ্রন্থের নাম লেখ।

(খ) 'সারদামঙ্গল' কার রচনা?

(গ) 'সংবাদ প্রভাকর' পত্রিকার সম্পাদক কে ছিলেন?

২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৪

(ক) নবীনচন্দ্র সেনের কাব্যপ্রতিভা সম্পর্কে আলোচনা কর।

(খ) কবি কামিনী রায়ের সাহিত্যিক অবদান সম্পর্কে আলোচনা কর।

৩। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৯

(ক) রবীন্দ্রনাথ ঠাকুরের কাব্য-প্রতিভার পরিচয় দাও।

(খ) মাইকেল মধুসূদন দত্তের 'মেঘনাদবধ কাব্য'-এ মহাকাব্যের বৈশিষ্ট্য কতদূর রক্ষিত সে সম্পর্কে আলোচনা কর।

## দ্বিতীয় একক

### ( কাব্য-সাহিত্যের ধারা )

৪। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=২

(ক) কাজী নজরুল ইসলামের একটি কাব্যগ্রন্থের নাম লেখ।

(খ) 'কঙ্কাবতী' কাব্যগ্রন্থটির কবি কে?

(গ) বিষ্ণু দে কোন্ সময়কার কবি?





৫। উত্তর দাও (যে কোনো একটি) : ৪

(ক) কবি সুকান্ত ভট্টাচার্যের কবিতায় যে প্রতিবাদী সুরের ব্যঞ্জনা প্রকাশ পেয়েছে উদাহরণ দিয়ে তা সংক্ষেপে আলোচনা কর।

(খ) টীকা লেখ :

কবি শামসুর রহমান

৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৯

(ক) কবি কাজী নজরুল ইসলামের কাব্যে বিদ্রোহী সত্তার যে স্ফুরণ ঘটেছে তা প্রাসঙ্গিক কবিতাগুলি উল্লেখ করে আলোচনা কর।

(খ) কবি জীবনানন্দ দাশের প্রকৃতি-চেতনা সম্পর্কে আলোচনা কর।

## তৃতীয় একক

### ( মেঘনাদবধ কাব্য )

৭। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=২

(ক) 'মেঘনাদবধ কাব্য'টি কয়টি সর্গে বিভক্ত?

(খ) "এতক্ষণে অরিন্দম কহিলা বিষাদে"—এখানে 'অরিন্দম' বলতে কাকে বোঝানো হয়েছে?

(গ) 'মেঘনাদবধ কাব্য'-এর নবম সর্গটির নাম কী?

৮। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৪

(ক) নিকুম্ভিলা যজ্ঞাগারের বর্ণনা দাও।

(খ) 'মেঘনাদবধ কাব্য'-এর প্রথম সর্গ অবলম্বনে চিত্রাঙ্গদার পুত্রশোকের বিবরণ দাও।

৯। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৯

(ক) "মাইকেল মধুসূদন দত্তের 'মেঘনাদবধ কাব্য'-এর অন্তর্গত প্রথম সর্গ—'অভিষেক'।" এই সর্গের নামকরণের সার্থকতা আলোচনা কর।

(খ) 'মেঘনাদবধ কাব্য' অবলম্বনে বিভীষণ চরিত্রটি বিশ্লেষণ কর।

অথবা

( সঞ্চিতা )

১০। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=২

(ক) 'আমার কৈফিয়ৎ' কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত?

(খ) কাজী নজরুল ইসলামের জন্মসন কত?

(গ) 'সঞ্চিতা' কাব্যগ্রন্থের অন্তর্গত যে কোনো একটি কবিতার নাম লেখ।





১১। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৪

(ক) 'বিদ্রোহী' কবিতায় 'ধ্বংস ও সৃষ্টি'—এই দুই বিপরীত ভাব কীভাবে প্রকাশ পেয়েছে, লেখ।

(খ) 'সৃষ্টি সুখের উল্লাসে' কবিতাটি আমাদের কী শিক্ষা দেয়, আলোচনা কর।

১২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৯

(ক) কাজী নজরুল ইসলামের 'সর্বহারা' কবিতাটির ভাববস্তু আলোচনা কর।

(খ) 'আমার কৈফিয়ত' কবিতায় কবি কীসের কৈফিয়ৎ চেয়েছেন? বিশ্লেষণ কর।

## চতুর্থ একক

( বনলতা সেন )

১৩। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=২

(ক) 'বনলতা সেন' কাব্যগ্রন্থটি কত সালে প্রকাশিত হয়?

(খ) 'বনলতা সেন' কাব্যগ্রন্থটিতে মোট কয়টি কবিতা আছে?

(গ) কবি কীসের সঙ্গে বনলতা সেনের চোখের তুলনা করেছেন?

১৪। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৪

(ক) 'বনলতা সেন' কবিতায় ব্যবহৃত গুরুত্বপূর্ণ চিত্রকল্পগুলি কী কী, উল্লেখ কর।

(খ) 'ঘাস' কবিতার মূল বিষয়বস্তু উল্লেখ কর।

১৫। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৯

(ক) 'হায় চিল' কবিতায় কবি চিলের সৌন্দর্য ও রহস্যময় যাত্রা কীভাবে দেখিয়েছেন বর্ণনা কর।

(খ) 'সুচেতনা' কবিতাটিতে যে ইতিহাস-চেতনা প্রকাশ পেয়েছে তা কবিতাটি অনুসরণে ব্যাখ্যা কর।

## পঞ্চম একক

**( শুধুমাত্র ২০২৩ ইংরেজি বর্ষের শিক্ষার্থীদের জন্য অতিরিক্ত ২০ মূল্যাঙ্কের প্রশ্নাবলী )**

১৬। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=২

(ক) 'মেঘনাদবধ কাব্য'-এর ষষ্ঠ সর্গের নাম লেখ।

(খ) কবি নবীনচন্দ্র সেনের একটি কবিতার নাম লেখ।

(গ) কবি রবীন্দ্রনাথ ঠাকুরের জন্মসন উল্লেখ কর।





১৭। সংক্ষেপে উত্তর দাও (যে কোনো দুটি) : ৪×২=৮

(ক) "সুরঞ্জনা, যেও না, যেও না বলেছিলাম"—প্রসঙ্গ উল্লেখ করে এর মূল ভাব ব্যাখ্যা কর।

(খ) 'সুচেতনা' কবিতায় যে নস্টালজিক দৃশ্য ফুটে উঠেছে তা ব্যাখ্যা কর।

(গ) কবি শক্তি চট্টোপাধ্যায়ের কাব্য-প্রতিভার পরিচয় দাও।

১৮। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) 'আমার কৈফিয়ত' কবিতায় কবির বিরুদ্ধে যে যে অভিযোগ উঠেছিল তার উত্তরে কবি কী বলেছিলেন তা ব্যাখ্যা কর।

(খ) কবি রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়ের কাব্য-প্রতিভা বর্ণনা কর।

★★★